দৈনিক
ইনকিলাব

তারিখ ... 30-JUL-2005 —
পৃষ্ঠা - ৭ ... কলাম ৬ —

## নগরীতে ভর্তি কার্যক্রম শুরু

# অনেক মেধাবী ছাত্র ভাল কলেজে সুযোগ পাবে না

মদহুল কবীর

বন্দরনগরী চট্টগ্রামে একাদশ শ্রেণীতে ভর্তি কার্যক্রম শুরু হয়ে গেছে। এরই সাথে শুরু হয়েছে ছাত্র-ছাত্রী, অভিভাবকদের টেনশন। নগরীর ভাল কলেজগুলোতে আসন সংখ্যা সীমিত হওয়ায় এসএসসিতে ভাল ফলাফল করেও অনেকে এসব কলেজে ভর্তির সুযোগ পাবে না। বিজ্ঞান বিভাগে জিপিএ-৫ প্রাপ্ত অনেকেই কাঙ্ক্ষিত কলেজে ভর্তি হতে পারবে না। নগরীর সরকারী, বেসরকারী, সিটি কর্পোরেশনের অধীন কলেজসমূহের কোন কোনটিতে ইতিমধ্যে ভর্তি ফরম বিতরণ শুরু হয়ে গেছে। ছাত্রছাত্রীরা লাইন ধরে ফরম নিচ্ছে এসব কলেজে। গত বৃহস্পতিবার থেকে চট্টগ্রাম সরকারী সিটি কলেজে ফরম বিক্রি চলছে। এ কলেজে দিবা শাখায় ৮ আগস্ট পর্যন্ত এবং নৈশ শাখায় ১১ আগস্ট পর্যন্ত ফরম বিক্রি চলবে। দিবা শাখায় ফরম সংগ্রহের ন্যূনতম যোগ্যতা হিসেবে বিজ্ঞান বিভাগে জিপিএ ৪.২৫, ব্যবসায় শিক্ষায় জিপিএ ৪.০০, মানবিকে জিপিএ ২.৫০ চাওয়া হয়েছে। নৈশ শাখায় ব্যবসায় শিক্ষা বিভাগে জিপিএ ৩.৫০, মানবিক বিভাগে জিপিএ ২.০০ প্রাপ্তরা ফরম সংগ্রহ করতে পারবে। এ কলেজে উভয় শাখায় মোট ১৫০০ আসন রয়েছে। হাজী মুহাম্মদ মহসিন কলেজে ফরম বিক্রি শুরু হয়েছে আজ শনিবার থেকে। ৮ আগস্ট পর্যন্ত এ কলেজে ফরম বিতরণ চলবে। এ কলেজে ভর্তি ফরম সংগ্রহের ন্যূনতম যোগ্যতা হচ্ছে- বিজ্ঞান শাখায় জিপিএ ৪.৭৫, ব্যবসায় শিক্ষায় জিপিএ ৪.২৫ এবং মানবিকে জিপিএ ৩.০০। এ কলেজে বিজ্ঞান শাখায় ৪৫০ জন, ব্যবসায় শিক্ষা শাখায় ৪৫০ জন এবং মানবিক শাখায় ৩০০ জন ভর্তির সুযোগ পাবে। নগরীর মেধাবী ছাত্রছাত্রীদের প্রথম পছন্দ চট্টগ্রাম কলেজে আগামী সোমবার থেকে ফরম বিক্রি শুরু হচ্ছে। ৭ আগস্ট পর্যন্ত ফরম বিক্রি চলবে। এ কলেজে বিজ্ঞান বিভাগে ভর্তি ফরম সংগ্রহের ন্যূনতম যোগ্যতা নির্ধারণ করা হয়েছে জিপিএ-৫। মানবিক বিভাগে ন্যূনতম ৩.৫০ জিপিএ প্রাপ্তরা ভর্তি ফরম সংগ্রহ করতে পারবে। এ কলেজে বিজ্ঞান শাখায় ৪৫০ এবং মানবিকে ৩০০ জন ভর্তির সুযোগ পাবে। সোমবার থেকে ফরম বিক্রি শুরু হচ্ছে। এ কলেজে ছাত্রছাত্রী ভর্তির সুযোগ পাবে ৬০০ জন। নগরীতে ৫টি সরকারী কলেজের পাশাপাশি রয়েছে অনেক বেসরকারী ও সিটি কর্পোরেশন পরিচালিত কলেজ। কিন্তু সব ছাত্রছাত্রীই চায় ভাল কলেজে ভর্তি হতে। কলেজ অনেক হলেও ভাল কলেজের সংখ্যা হাতে-গোনা। তাই এসব ভাল কলেজে লম্বা লাইন ধরে ছাত্রছাত্রীরা ভর্তি ফরম সংগ্রহ করছে। এদিকে চট্টগ্রাম শিক্ষা বোর্ড আগামীকাল রবিবার থেকে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণদের, মূল ট্রান্সক্রীপ্ট প্রদান শুরু করছে। বোর্ড সূত্র জানায়, আগামীকাল চট্টগ্রাম মহানগর, সোমবার চট্টগ্রাম উত্তর, মঙ্গলবার চট্টগ্রাম দক্ষিণ ও বুধবার কক্সবাজার এবং তিন পার্বত্য জেলায় স্কুলগুলোর ছাত্রছাত্রীদের ট্রান্সক্রীপ্ট বিতরণ করা হবে।